# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

## সঞ্চয় ও ঋণ বিভাগ

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৪৯/২০২৪-২৫/ ৫৮ তারিখ: ৩০.০৯.২০২৪ খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক
সকল জেলা আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পল্লী সঞ্চয় ব্যাংক

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উল্লেখিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

পল্লী সঞ্চয় ব্যাংক ২০২৪-২৫ অর্থবছরে প্রথম বার তার নিয়ন্ত্রণকারী আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে অন্যান্য লক্ষ্যমাত্রার পাশাপাশি ঋণ বিতরণ ও আদায়, সঞ্চয় সংগ্রহ ও শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা গ্রহণ করা হয়। সে অনুযায়ী সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের মধ্যে ইত:মধ্যে লক্ষ্যমাত্রা বন্টন করে দেওয়া হয়েছে। কিন্তু বিগত ২ মাসের তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন থেকে সকল জেলা (আঞ্চলিক) কার্যালয় পিছিয়ে আছে। এপিএ-তে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট বছরের উৎসাহ বোনাস প্রাপ্তি বিরূপভাবে প্রভাবিত হবে অর্থাৎ উৎসাহ বোনাস পাওয়া যাবে না বা পেলেও কম পাওয়া যাবে। তাই বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়নের নিমিত্ত নিয়োক্ত নির্দেশনা দেয়া হলো:

১) ঋণ আদায় ও ঋণ বিতরণের ক্ষেত্রে চুক্তিতে উল্লেখিত খাত ভিত্তিক লক্ষ্যমাত্রাকে প্রাধান্য দিতে হবে। উদাহরণস্বরুপ শুধুমাত্র সিএসএমই খাতে ঋণ আদয় ও ঋণ বিতরণ করলে অন্যান্য খাতের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না এবং এপিএ-তে পূর্ণ নম্বর পাওয়া যাবে না।

২) আমানত বা সঞ্চয় সংগ্রহকে বিশেষ গুরুত দিয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের জোর প্রচেষ্টা চালাতে হবে এবং পাক্ষিক/মাসিক ভিত্তিতে তথ্য পর্যালোচনা করতে হবে।

৩) শ্রেণীকৃত ঋণ ক্রমাগত বেড়ে চলেছে যা খুবই অনভিপ্রেত। প্রত্যেক শাখার শ্রেণীকৃত ঋণ Single Digit এ নামিয়ে আনার জন্য কঠোর নির্দেশ দেয়া হলো এবং কোন UC বা অশ্রেণীকৃত ঋণ নতুন করে CL বা শ্রেণীকৃত না হয় সেদিকেও তৎপর থাকতে হবে।

৪) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যাংকের ওয়েবসাইট থেকে নিজ নিজ জেলার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ডাউনলোড করতঃ তার আওতাধীন সকল শাখার লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন এবং নির্ধারণকৃত লক্ষ্যমাত্রা অর্জন করতে সকল প্রচেষ্টা গ্রহন করবেন।

এমতাবস্থায় ঋণ বিতরণ, আদায় ও এপিএভুক্ত অন্যান্য লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তাগণ সার্বিকভাবে মনিটরিং করবেন এবং প্রতি পাক্ষিক/মাসে অগ্রগতি রিপোর্ট পর্যালোচনা করবেন।

অনুমোদনক্রমে

৩০/০৯/২০২৪

**(মোঃ আলা উদ্দিন)**
মহাব্যবস্থাপক

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৪৯/২০২৪-২৫/ ৫৮ (৫০৮) তারিখ: ৩০.০৯.২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পি এস টু চেয়ারম্যান, পরিচালনা বোর্ড, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩.স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. সকল শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. সকল শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক;
৭. অফিস নথি/মহানথি।

Amin 30.09.24

**(মোঃ রুহুল আমিন)**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার